

অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ঢাবির ১০ শিক্ষার্থী

ঢাবি প্রতিবেদক

১৪ সেপ্টেম্বর ২০২৩, ০৫:১৪ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০২১ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ১০ মেধাবী শিক্ষার্থী পেয়েছেন অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার।

পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- মো. নাছিমুল হুদা, এস.এম শামস্ রহমান, সুমাইয়া সানজানা নিম্মি, নওশীন বিথি, অর্থি নবনিতা, মারিয়া আনিস চৌধুরী, মো. মাহফুজুল ইসলাম, নিতি চাকমা, সুজন সেনগুপ্ত এবং সৈয়দ মোহাম্মদ রাহাতুল ইসলাম।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আজ বৃহস্পতিবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মেধাবী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল মনসুর আহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জিয়া রহমান এবং ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাবেক সভাপতি মো. শফিকুল করিম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন।

এছাড়া অনুষ্ঠানে বক্তব্য দেন অধ্যাপক ড. সিতারা পারভীনের সহপাঠী নাছিমা হায়দার এবং বিভাগের সহযোগী অধ্যাপক মো. সাইফুল আলম চৌধুরী। বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলী ধন্যবাদ জ্ঞাপন করেন। সহযোগী অধ্যাপক শাওন্তী হায়দার অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রয়াত অধ্যাপক ড. সিতারা পারভীনের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তিনি ছিলেন একজন সৎ, আদর্শবান, সজ্জন ও নীতিবান শিক্ষক ও গবেষক। বৃত্তিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়ে তিনি বলেন, এই জাতীয় বৃত্তি ও পুরস্কার প্রদানের ফলে শিক্ষার্থীরা লেখাপড়ায় অনুপ্রাণিত ও উৎসাহিত হবে। অধ্যাপক সিতারা পারভীনের মূল্যবোধে উজ্জীবিত হয়ে অসাম্প্রদায়িক, মানবিক, উন্নত ও অন্তর্ভুক্তিমূলক সমাজ বিনির্মাণে ভূমিকা রাখার জন্য শিক্ষার্থীদের প্রতি উপাচার্য আহ্বান জানান।

উল্লেখ্য, সাবেক রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দীন আহমদের কন্যা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলীর স্ত্রী অধ্যাপক ড. সিতারা পারভীন। তিনি ১৯৯৬ থেকে ১৯৯৯ পর্যন্ত ঢাবির গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারপার্সনের দায়িত্ব পালন করেন। ২০০৫ সালের ২৩ জুন যুক্তরাষ্ট্রে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন।